

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



বর্ষ-শেষের ভাবনা এবং গ্রীষ্মের (সামারের) শুভেচ্ছা!

প্রিয় নিউ ইয়র্কবাসী,

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর অংশ হবার জন্য আপনাকে ধন্যবাদ। আমি মনে করছি যে আপনারা একটি অসাধারণ শিক্ষা বছর কাটিয়েছেন, এবং আপনাদের সবার ও আমাদের ছেলেমেয়েদের সাফল্যের জন্য আমি অত্যন্ত গর্বিত। গত নয় মাস যাবত, আপনাদের অনেকের সাথে আমার ক্লাসরুমের ভেতরে ও বাইরে যুক্ত হওয়ার সুযোগ হয়েছে, যখন আপনি — সাহিত্য ও সামাজিক সমস্যা নিয়ে ক্লাসরুমে আলোচনায় নিয়োজিত হয়েছেন, জটিল অংক ও STEM সমস্যা সমাধান করেছেন, নজর-কাড়া শিল্পকর্ম সৃষ্টি করেছেন, স্কুলে অনুষ্ঠান পরিবেশন করেছেন, আপনার সন্তানের শিক্ষায় সংশ্লিষ্ট হয়েছেন এবং অন্যান্য অনেক কিছুতে যুক্ত থেকেছেন। আমাদের শিক্ষার্থীরা যতবার তাদের কোনো প্রতিশ্রুতি বাস্তবায়নে সফল হয়, আমি ততবারই আনন্দিত হই।

অতি সম্প্রতি আমি কয়েকটি গ্র্যাজুয়েশন এবং স্টেপিং আপ (ধাপ অতিক্রম) উদযাপন অনুষ্ঠানে অংশ নিয়েছিলাম এবং সেই বিশেষ অনুষ্ঠানে অংশগ্রহণকারী আমাদের শিক্ষার্থী ও অন্য সবার চোখেমুখে আনন্দ ও গৌরবের আভা দেখে উজ্জীবিত ও অনুপ্রাণিত হয়েছিলাম। আমি আমাদের কঠোর পরিশ্রমী ও অত্যন্ত মেধাবী ক্লাস 2023-এর শিক্ষার্থীদের অভিনন্দন জানাতে চাই! আপনারা আমাদের ভবিষ্যত নেতা, এবং আমি আপনাদের নিয়ে অত্যন্ত গর্বিত।

আমি নিজস্ব অভিজ্ঞতা থেকে জানি যে আপনাদের পিতামাতারাও আমার মতো গর্ববোধ করছেন। ফরেষ্ট হিলস্ হাই স্কুলের আনুষ্ঠানিক সূচনাপর্বে সবচেয়ে উদ্দীপনাময় মুহূর্ত ছিল যখন আমি গ্র্যাজুয়েটদেরকে উঠে দাঁড়িয়ে তাদেরকে এই মুহূর্ত পর্যন্ত নিয়ে আসতে সহায়তা দেয়ার জন্য পিতামাতাদের প্রতি করতালি দিয়ে কৃতজ্ঞতা প্রকাশ করতে বলেছিলাম। এর জবাবে তাদের পরিবারেরাও মুহূর্তে করতালির প্রচণ্ড শব্দে বাতাস বিদ্যুতায়িত হয়ে উঠেছিল। এমনকি বৃষ্টিও সেদিনকার উত্তেজনাকে স্তিমিত করতে পারেনি।

আমাদের শিক্ষার্থীদেরকে একটি শক্তিশালী, অসীম ভবিষ্যতের পথে নিয়ে যাওয়ার জন্য আমি আমাদের পরিবারসমূহ, শিক্ষকমণ্ডলী, প্রিন্সিপ্যালগণ, এবং স্কুল স্টাফদের কাছে অত্যন্ত কৃতজ্ঞ। এই শিক্ষা বছরে যেসব শিক্ষার্থীর দুঃখজনকভাবে প্রাণহানি হয়েছে, আমি তাদের কথাও স্মরণ করছি। তাদের স্মৃতি সকল ছেলেমেয়ের কল্যাণ ও নিরাপত্তা নিশ্চিত করার গুরুত্বের কথা আমাদেরকে স্মরণ করিয়ে দেয়।

আমি যখন 2023-24 শিক্ষা বছরের প্রতি দৃষ্টিপাত করছি, আমি জানি যে শ্রেষ্ঠত্ব আসবে আগামীতে। আমি আশা করছি যে আপনারা ও আপনাদের ছেলেমেয়েরা একটি সুন্দর গ্রীষ্ম উপভোগ করবেন এবং আমাদের সিটির চমৎকার সব সুযোগসমূহের সদ্ব্যবহার করবেন। আপনার সন্তানের শিক্ষায় প্রকৃত অংশীদারীত্বের জন্য ধন্যবাদ। আমি আশা করি আপনাদের সবার সাথে সেপ্টেম্বরে দেখা হবে।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)
চ্যান্সেলর

আমাদের সাপ্তাহিক পর্যালোচনার ভিডিও



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেখা হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

আপনি যদি PS+You ইমেইল বার্তাগুলো আর পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবসক্রাইব](#) করুন।